দৈনিক বাংলা

তারিখ 17 MAR 1989
পৃষ্ঠা 3 কলাম 1

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## শিক্ষামন্ত্রীর পরীক্ষা কেন্দ্র পরিদর্শন

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বৃহস্পতিবার এসএসসি পরীক্ষা দেখার জন্য ঢাকা মহানগরীর ধানমন্ডি সরকারী বালক বিদ্যালয় শেরে বাংলানগর সরকারী বালক বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারী বালিকা বিদ্যালয় সাভার উচ্চ বিদ্যালয় ধামরাই উপজেলায় হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয় এবং ধামরাই সরকারী কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। এসব স্থানে সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে দেখে মন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। পরীক্ষার্থীরা যাতে সুষ্ঠুভাবে পরীক্ষা দিতে পারে সেদিকে লক্ষ্য রাখার এবং তাদের সব ধরণের সুযোগ সুবিধা নিশ্চিত করার জন্য মন্ত্রী প্রশাসন ও পরীক্ষা পরিচালকদের প্রতি নির্দেশ প্রদান করেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা সচিব হেদায়েত আহমেদ ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আব্দুর রশীদ চৌধুরী এবং ঢাকার জেলা প্রশাসক নিজাম উদ্দিন আহমেদ এসময় মন্ত্রীর সঙ্গে ছিলেন।